১৭৯

দৈনিক সংবাদ

তারিখ 27 SEP 1991
পৃষ্ঠা ১ কলাম ২

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিবিরের সন্ত্রাস

# নির্মম নির্যাতনের শিকার অপহৃত পরীক্ষার্থী উদ্ধার

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৬শে সেপ্টেম্বর।— দীর্ঘ ১১ ঘন্টা ছাত্র শিবিরের নির্যাতন ক্যাম্পে আটক থাকার পর প্রথম বর্ষ অনার্স পরীক্ষার্থী আমিরুল ইসলাম গতকাল রাত ১১টায় ছাড়া পেয়েছেন। তবে এ সময় তার অবস্থা ছিল আধমরা এবং শরীরের বিভিন্ন স্থানে জখমের চিহ্ন।

এদিকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সশস্ত্র শিবির কর্মীদের সন্ত্রাসী তৎপরতা অব্যাহত রয়েছে। নয়া নির্বাচন কমিশনার ডঃ হুজ্জত আলী প্রামাণিক শিক্ষক সমিতি নির্বাচনের সার্বিক প্রস্তুতি গ্রহণ করেছেন।

গতকাল বুধবার দুপুর ১২টায় ২৫/৩০ জন সশস্ত্র শিবির কর্মী বিজ্ঞান ভবনের সামনে থেকে আমিরুলকে উঠিয়ে নিয়ে যায়। সিরাজুস সালেহীন বাহিনীর এনায়েত, তারেক আজিজ, ইকবাল, আফসার, নেসার, শিপার, জামাথ হায়দার ও মুসা কলিমুল্লাহ নামক ৮ জন নেতা এই অপারেশনে

শিবির ঃ পৃঃ ৮ কঃ ৪

## শিবির ঃ সন্ত্রাস চালাচ্ছে

( ১ম পাতার পর )

নেতৃত্ব দেয় বলে প্রত্যক্ষদর্শীরা জানান। শিবির কর্মীরা ক্যাম্পাস থেকে আমিরুলকে ধরে নিয়ে শাহজালাল হলের ৩২৪ নম্বর কক্ষে আটকে রাখে এবং গেস্টাপো কায়দায় তার ওপর শারীরিক ও মানসিক নির্যাতন চালায়।

শিবির কর্মীরা প্রথমে তাকে হকিস্টিক দিয়ে পেটায় এবং পরে হাতুড়ি দিয়ে দু'হাতের আঙুল থেৎলে দেয়। তাছাড়া ছুরি ও কিরিচ দিয়ে শরীরের বিভিন্ন স্থানে খোঁচানো হয়। রাত ১১টায় শিবির কর্মীরা আমিরুলকে আধমরা অবস্থায় ছেড়ে দেয়।

এ ঘটনার প্রতিবাদে ছাত্র লীগ (আ-অ) আগামীকাল শুক্রবার দোস্তবিল্ডিং-এ এক প্রতিবাদ সভা আহ্বান করেছে।